চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

জীববৈচিত্র্য জরিপ ও সংরক্ষণ পাইলট প্রকল্প-২০১৮ এর আনুষ্ঠানিক উদ্বোধনে মাননীয় মেয়র

৫ অক্টোবর ২০১৮

জীববৈচিত্র্য জরিপ ও সংরক্ষণ পাইলট প্রকল্প-২০১৮ শুরু করেছে বায়োডাইভার্সিটি রিসার্চ গ্রুপ অব বাংলাদেশ (বিএফজিবি)। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্থায়নে এ প্রতিষ্ঠানটি জীববৈচিত্র্য জরিপ ও সংরক্ষণ পাইলট প্রকল্প কাজ পরিচালনা করবে। আজ শুক্রবার সকালে নগরীর শুলকবহর ওয়ার্ডে ফিতা কেটে এই পাইলট প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। নগরীর এই জরিপ কার্যক্রম আগামী ডিসেম্বরে সম্পন্ন হওয়ার দিন ধার্য আছে। উদ্বোধনকালে বিএফজিবি'র চেয়ারম্যান অধ্যাপক ড.বদরুল আমিন ভূঁইয়া, অধ্যাপক ড.আমিন উদ্দিন মৃধা, অধ্যাপক ড. মোস্তফা কামাল পাশা, অধ্যাপক ড.মোহাম্মদ কামাল হোসাইন,অধ্যাপক ড. মো. ইসমাইল মিয়া, অধ্যাপক নোমান আহমেদ সিদ্দিকী, অধ্যাপক ড.এম মারুফ হোসেন, অধ্যাপক ড. এম জুনায়েত সিদ্দিকী, ড. শেখ আবদুল মান্নান, ড.মাহমুদা বেগম, সন্তোষ মজুমদার এবং স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. মোরশেদ আলম, শৈবাল দাশ সুমন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, রাজনীতিক আলহাজ্ব বেলাল আহমদ,আবদুল লতিফ টিপু, আতিকুর রহমান, শেখ সহরওয়ারদী, ওয়াহিদুল আলম সুমন,রাশেদুল করিম, এস এম হাশেম, শাহজাহান সুফি, আনোয়ারা বেগম, সমাজসেবক মো. শাহ জাহানসহ প্রমূখ উপস্থিত ছিলেন। এ উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরের বায়ুকে পরিস্কার রাখার জন্য দূষন হ্রাস এবং বায়ুর গুনমান উন্নত করার জন্য জীববৈচিত্রের অন্তর্ভূক্ত প্রাণী এবং উদ্ভিদকুল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তিনি বলেন চট্টগ্রাম নগরে কি পরিমান পশু-পাখি, গাছ-পালা সহ বিভিন্ন ধরনের প্রানির সঠিক পরিসংখ্যান জানা দরকার। কিন্তু আমাদের হাতে তার কোন সঠিক তথ্য উপাত্ত নেই। এতে কোনটির অভাবে কোন সমস্যার সৃষ্টি হচ্ছে। তাতে এ সমীক্ষার মাধ্যমে সমাধানও খুজে পাওয়া যাবে বলে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন। এ প্রসঙ্গে মেয়র আরো বলেন বিভিন্ন কারনে পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে। নগরে যে পরিমান প্রাণী ও উদ্ভিদ থাকা প্রয়োজন তা নেই। শহরে পর্যাপ্ত পুকুর জলাশয়, ডোবা নেই । যা আছে তাও ভরাট করার জন্য ওৎ পেতে আছে এক শ্রেনীর মানুষ। মানুষই পাহাড় কেটে ফেলছে। যা আমাদের পরিবেশকে হুমকির মুখে ঠেলে দিয়েছে। তাই এ নগরের নাগরিকদের ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ ও সুন্দরভাবে বেড়ে উঠার জন্য জীববৈচিত্র সংরক্ষণ এবং পরিবেশকে টেকসই রাখা অত্যন্ত জরুরী। নগরবাসীকে এই জীববৈচিত্র বিষয়ে সচেতন করার উপর গুরুত্বারোপ করেন সিটি মেয়র।

খুলশীস্থ সেগুনবাগানে তা'লীমুল কুরআন
মসজিদ নির্মাণকাজ উদ্বোধন করলেন মাননীয় মেয়র

৫ অক্টোবর ২০১৮

প্রায় সাড়ে ৪ কোটি টাকা ব্যয়ে নগরীর খুলশীস্থ তা'লীমুল কুরআন কমপ্লেক্স চট্টগ্রামে অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ৪ তলা বিশিষ্ঠ জামে মসজিদের নির্মাণকাজ শুরু হচ্ছে। আজ শুক্রবার বিকেলে এই মসজিদ নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন কাজ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। চারতলা বিশিষ্ট এই মসজিদ ভবনের আয়তন হবে ৩১ হাজার ৩ শত ২৫ বর্গফুট। এ মসজিদে উম্মুক্ত গ্রাউন্ডফ্লোরে এলাকার মৃত ব্যক্তিদের জায়নাযা সহ সভা সমাবেশের ব্যবস্থা, পার্কিং ব্যবস্থা,লিফট, চতুর্দিকে শপিং কমপ্লেক্সসহ আধুনিক সুযোগ সুবিধা থাকবে। এতে একসঙ্গে ১০ হাজার মুসল্লী নামাজ আদায় করতে পারবে। এর পূর্বে তা'লীমুল কুরআন কমপ্লেক্স প্রাঙ্গনে ২০১৮ সালে হজ্ব পালনকারী হাজী সাহেবানদের এক সংবর্ধনার আয়োজন করে তা'লীমুল কুরআন মসজিদ কমিটি। তা'লীমুল কুরআন কমপ্লেক্স খুলশী, চট্টগ্রামের চেয়ারম্যান আলহাজ্ব মাওলানা হাফেজ মুহাম্মদ তৈয়ব এর সভাপতিত্বে অন্যদের মধ্যে রাজনীতিক বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শফর আলী, কাউন্সিলর আলহাজ্ব মুহাম্মদ হোসেন হিরন, মোরশেদ আকতার চৌধুরী, গোলাম মোহাম্মদ জোবায়ের ও প্রফেসর মঞ্জুর হোসেন, আলহাজ্ব গোলাম সরওয়ার ভান্ডারী ও আলহাজ্ব হায়দার হোসেন বাদল উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন আজকের কোমলমতি শিশুরা আগামীদিনের ভবিষ্যৎ। তাই সমৃদ্ধ আলোকিত ও মুল্যবোধ সম্পন্ন মানুষ হওয়ার জন্য সর্বাগ্রে প্রয়োজন শিক্ষা। শিক্ষাই আত্মকেন্দ্রিকতা,স্বার্থপরতা থেকে উর্দ্ধে উঠতে সহায়তা করে। মাদ্রাসার শিক্ষার্থীদের উদ্দেশ্যে মেয়র বলেন পবিত্র কোরআন মজীদ হচ্ছে আল্লাহ তা'লা প্রদত্ত বাণী। এ মহা গ্রন্থটি আল্লাহর রাসুল(স.) এর মাধ্যমে দুনিয়ার বুকে এসেছে। এতে ইহকাল ও পরকাল সহ মানব জাতির জীবন যাবন সম্পর্কে সমক্ষ ধারনা রয়েছে। তোমরা কোরআন-এ হাফেজ হচ্ছ। কোরআন হাফেজরা সমাজের কাছে বরণীয় ব্যক্তি। এ কোরআন মজীদকে হৃদয়ে ধারন করে সমাজের মধ্যে দ্বীনি খেদমতে নিজেদেরকে নিয়োজিত রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন কোরআন-এ হাফেজরা রাতের ঘুম হারাম করে বছর বছর ধরে অক্লান্ত পরিশ্রম করে কোরআনকে সিনায় পুষে রেখেছেন। সিনায় কোরআন রাখা এ মানুষগুলো আল্লাহ তা'লার কাছে অনেক বেশি মর্যাদাবান। এ প্রসঙ্গে তিনি কওমী মাদ্রাসায় শিক্ষিত আলেমদের কথা উল্লেখ করে বলেন বিগত সময়ে কওমী আলেমগণ জীবন জিবিকার তাগিদে পথে প্রান্তরে ঘুরে বেড়াত। এ অবস্থার পরিত্রান দিয়েছে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি কওমী শিক্ষা ব্যবস্থাকে রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি দিয়ে কওমী আলেম সমাজের মান মর্যাদা বৃদ্ধি করেছে। এর ফলে তারা এখন থেকে রাষ্ট্রের সর্বোচ্চ পদেও চাকুরীর সুযোগ পাবে। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী-ই জাতির পিতার স্বপ্ন ইসলামী শিক্ষা ব্যবস্থাকে সার্বজনীনভাবে প্রতিষ্ঠিত করেছেন। এর জন্য মেয়র মাননীয় প্রধানমন্ত্রী এবং এ সরকারের সকলের জন্য কওমী আলেম সমাজ সহ সর্বস্তরের আলেম সমাজের কাছে দোয়া প্রত্যাশা করেন।

ভাষা সৈনিক কৃষ্ণ গোপাল সেন
এর মৃত্যুতে মেয়রের শোক

৫ অক্টোবর ২০১৮

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন ভাষা সৈনিক মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক কৃষ্ণ গোপাল সেন(কালা চাঁদ বাবু) এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি আজ শুক্রবার এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার সদগতি কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান। বাবু কৃষ্ণ গোপাল সেন এর মৃত্যুর সংবাদ পেয়ে দেওয়ানজি পুকুরপাড়স্থ চট্টল মহাশক্তি সম্মিলনি পূজা মন্ডপ প্রাঙ্গনে যান মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। সেখানে তিনি প্রয়াত ভাষা সৈনিক বাবু কৃষ্ণ গোপাল সেন এর মরদেহের পাশে দাড়িয়ে বিনম্র শ্রদ্ধা জানান। এসময় তার সাথে স্বাগতিক কাউন্সিলর শৈবাল দাশ সুমন,চসিক প্রকৌশলী ঝুলন কান্তি দাশ, রাজনীতিক আবদুল লফিত টিপু, সাইফুদ্দিন বাহার, ব্যবসায়ী সুজয় দাশসহ অন্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে বাবু কৃষ্ণ গোপাল সেন ২০১৮ সনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রদত্ত একুশে পদকে ভুষিত হয়েছিলেন।

চট্টগ্রাম নগরীতে বসবাসরত অবাঙ্গালী
নেতৃবৃন্দের সাথে মাননীয় মেয়রের মতবিনিময়

৫ অক্টোবর ২০১৮

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে চট্টগ্রাম নগরীতে বসবাসরত অবাঙ্গালী নেতৃবৃন্দ আজ শুক্রবার দুপুরে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এস এইচ কর্পোরেশন হান্নান সাহেবের ফ্যাক্টরী অফিসে অনুষ্ঠিত এ সভায় শুলকবহর ওয়ার্ড কাউন্সিলর মো. মোরশেদ আলম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভীন জেসি, রাজনীতিক হাজী বেলাল আহমদ, মো. আলী আকবর, মো. মহিউদ্দিন, আবদুর রশিদ লোকমান,এস এম খালেদ বাবুল, অবঙ্গালী নেতা সাব্বির হান্নান, আবদুল কাইয়ুম সিদ্দিকী, ঈদ মোহাম্মদ মুন্না, সোহেল আকতার খান, সোহেল আশরাফি, মোতালেব সরকার প্রমূখ উপস্থিত ছিলেন। অবাঙ্গালী নেতৃবৃন্দের সাথে মতবিনিময়কালে মেয়র বলেন গত ৩ বছরে খুলশী কলোনী পলিটেকনিক নয়া শহর ও আবদুল হান্নান সড়কে যে উন্নয়ন করা হয়েছে গত ৩০ বছরে তা হয়নি। তিনি মানবিক দিক বিবেচনায় খুলশী,ওয়ার্লেস ও ঝাউতলা সহ সকল অবাঙ্গালী কলোনীতে পানি সমস্যা সহ সকল সমস্যার সমাধানের আশ্বাস দেন। মেয়র বলেন বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী অবাঙ্গালীদের প্রতি আন্তরিক। আজ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সারা বিশ্বে উন্নয়নের রোল মডেল। তিনি উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য আগামী জাতীয় সংসদ নির্বাচনে নৌকা প্রতিকে ভোট দেয়ার আহবান জানান। এর পূর্বে মেয়র খুলশী কলোনী বায়তুল জান্নাত জামে মসজিদে জুম্মার নামাজ আদায় করেন এবং মুসল্লীদের সাথে মতবিনিময় করেন। এসময় মেয়র মসজিদ কমপ্লেক্স এর উন্নয়ন ও কবরস্থানের দেয়াল নির্মাণ করে দেয়ার আশ্বাস দেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন